



পারিবারিক কারণ দেখিয়ে দেশ ছাড়লেন বিসিবি সভাপতি বুলবুল



বিসিবি সভাপতি বুলবুল। ছবি: সংগৃহীত

ব্যক্তিগত ও পারিবারিক প্রয়োজনের কথা জানিয়ে দেশ ছেড়েছেন বাংলাদেশ ক্রিকেট বোর্ড—এর সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। সোমবার তিনি অস্ট্রেলিয়ার উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। বিষয়টি নিশ্চিত করেছেন বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা নিজামউদ্দিন চৌধুরী।

সিইও জানান, পরিবারের সঙ্গে সময় কাটিয়ে কয়েক সপ্তাহের মধ্যেই বুলবুল দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে। দেশ ছাড়ার আগে বোর্ড পরিচালকদের হোয়াটসঅ্যাপ গ্রুপে রমজানের শুভেচ্ছা জানিয়ে তিনি সংক্ষিপ্ত বার্তায় জরুরি প্রয়োজনে বিদেশযাত্রার কথা উল্লেখ করেন।

বিশ্বকাপ থেকে বাংলাদেশের বিদায়ের পর থেকেই বোর্ডের ভেতরে অস্থিরতা নিয়ে আলোচনা চলছে। পরিচালকদের মধ্যে মতবিরোধ এবং সংবাদমাধ্যমের সঙ্গে দূরত্ব—এসব বিষয় সাম্প্রতিক সময়ে ক্রিকেট অঙ্গনে আলোচনার কেন্দ্রবিন্দুতে ছিল।

এদিকে বিসিবির প্রধান প্রোগ্রাম কো-অর্ডিনেটর মিনহাজুল আবেদীন নামু সাংবাদিকদের বলেন, নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর পরিস্থিতি স্বাভাবিক হওয়ার আশা করছেন তারা। তাঁর মতে, ক্লাবগুলোর সঙ্গে বোর্ডের যে দূরত্ব তৈরি হয়েছে, তা দ্রুত কমানো প্রয়োজন।

ঘরোয়া লিগে অংশগ্রহণ নিয়ে কিছু ক্লাবের অনীহার প্রসঙ্গে নামু স্পষ্ট করে বলেন, ক্রিকেটের স্বার্থে কোনো ছাড় দেওয়া যাবে না। সবার আগে দেশের ক্রিকেট—এই অবস্থান থেকেই সমাধানের পথে এগোতে হবে।